

G20 Sherpas' Meeting on 15-16 September 2021

September 17, 2021

15- 16 সেপ্টেম্বর 2021 তারিখে জি 20 শেরপাদের বৈঠক

সেপ্টেম্বর 17,2021

1. বাণিজ্য ও শিল্প, উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন ও বস্ত্র মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রী এবং জি20-তে ভারতের শেরপা শ্রী পীযুষ গয়াল, 15- 16 সেপ্টেম্বর 2021 তারিখে জি 20 শেরপাদের ভার্সুয়াল ফরম্যাটে অনুষ্ঠিত বৈঠকে অংশগ্রহণ করেছেন। ভারতের জি20 শেরপা হিসেবে নিযুক্ত হবার পরে শ্রী পীযুষ গয়াল এই প্রথম জি20 বৈঠকে উপস্থিত থাকলেন।

2. বৈঠকে পোরোহিত্য করেন ইতালির জি20 শেরপা রাষ্ট্রদূত লুইগি মাতিয়োলা, যিনি জি20 পরিবারে পীযুষ গয়ালকে স্বাগত জানান।

3. বৈঠকের আলোচ্য সূচি ছিল রোম ঘোষণা পত্রের খসড়া নিয়ে আলোচনা এবং মত বিনিময়। এই ঘোষণা পত্রটি 30-31 অক্টোবর 2021 -এ রোম শীর্ষ সম্মেলনে জি20 নেতৃবৃন্দ দ্বারা গৃহীত হবে। ঘোষণা পত্রের মূল প্রতিপাদ্য ছিল স্বাস্থ্য ও কোভিড-19 থেকে আরোগ্য, স্থিতিশীল বিকাশ, পরিবেশ, জলবায়ু ও শক্তি, লিঙ্গ সাম্যতা, শিক্ষা, শ্রম, কর্মসংস্থান, পর্যটন, সংস্কৃতি এবং ডিজিটাল অর্থনীতি।

4. এই বছরে জি20 তে ইতালির নেতৃত্ব এবং বিস্তৃত মূল প্রতিপাদ্য জুড়ে নেতাদের জন্য একটি শক্তিশালী দলিলের খসড়া তৈরির প্রচেষ্টার জন্য শেরপা ইতালিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এই বিষয়গুলির প্রতিটিতে ভারতের উন্নতির উপরে রেখাপাত করে তিনি জানান যে, নেতাদের জন্য একটি অর্থপূর্ণ এবং সুসম বিবৃতির মধ্যস্থতায় ভারত গঠনমূলক ভূমিকা পালন করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.